# মান্দা উপজেলা আইসিটি কমিটি'র অক্টোবর/২০১৯ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল হালিম
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ।
তারিখ ঃ ২৪/১০/২০১৯ খ্রিঃ
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও সর্বক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করা হলে সরকারি সেবাসমূহ সহজতর উপায়ে জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া সম্ভব হবে। তাই তিনি সরকারের রূপকল্প অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়তে উপস্থিত সদস্যবৃন্দকে একযোগে কাজ করার আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, মান্দা, নওগাঁ সভার আলোচ্য বিষয়সমূহ পাঠ করে শোনান। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | বিবরণ/আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | **আলোচনা ঃ** সহকারী প্রোগ্রামার জানান যে, অত্র উপজেলার ওয়েব পোর্টাল -এর তথ্য অসম্পূর্ণ রয়েছে এবং উপজেলার বেশ কিছু সংখ্যক অফিসের কর্মকর্তা এবং কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি । ইউনিয়ন ওয়েব পোর্টালে ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউডিসি উদ্যোক্তা এর তথ্য, শিক্ষা প্রতিষ্ঠান,প্রকল্পসমূহের তথ্য হালনাগাদ করণের প্রক্রিয়া চলমান রয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত তথ্য হালনাগাদ কাজটি সম্পন্ন করার জন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** ওয়েব পোর্টালের তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভার্সনে নিয়মিত হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানগণকে ও উদ্যোক্তাগণকে অনুরোধ জানানো হয়। । | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ ও উদ্যোক্তাগণ (সকল) |
| | **আলোচনাঃ** সভাপতি জানান যে, উপজেলা ওয়েব পোর্টালে মান্দা উপজেলাধীন সকল সরকারী দপ্তরের দপ্তর কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নাম, মোবাইল নম্বর ইত্যাদি সংযোজন করা প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ** অত্র মান্দা উপজেলাধীন সকল সরকারী দপ্তরের দপ্তর কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠান প্রধানের নাম ও মোবাইল নম্বর ওয়েবপোর্টালে সংযুক্ত করতে হবে। | সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগন ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ (শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে সহযোগিতা করবেন ) |
| ০২ | **আলোচনাঃ** সরকারী কাজের গতি বেগবান করনে যে সমস্ত অফিস এখনও ই- নথি লাইভে আসেনি সে সমস্ত অফিসকে ই-নথি লাইভে আসার অনুরোধ জানানো হয় এবং লাইভে থাকা অফিসসমূহের কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করার জন্য সকলকে অনুরোধ করা হয়। সকল কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করতে হবে।<br>**সিদ্ধান্তঃ** ১।লাইভে থাকা সকল অফিসের চিঠিপত্রের কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করতে হবে।<br>২। যে সকল দপ্তর এখন অবধি লাইভে আসেনি, সে সকল দপ্তর সংশ্লিষ্ট জেলা/আধিদপ্তরের সাথে যোগাযোগ করে **ই**-নথির আইডি তৈরী করে নেয়ার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ০৩ | **আলোচনা ঃ** সভায় ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত উপকারভোগী ও আয়ের তথ্য "এক সেবা" -তে আপলোড করছেন মর্মে জানান। সভাপতি আপলোডের এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** সেবা প্রদান এবং উপকারভোগী ও আয়ের তথ্য নিয়োমিতভাবে এক সেবায় আপলোড করার জন্য সকল ইউডিসিগণ-কে অনুরোধ জানানো হয়। | সকল ইউডিসি উদ্যোক্তা |

| | | |
|---|---|---|
| ০৪ | **আলোচনাঃ** সভাপতি জানান যে, এ উপজেলায় ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি অধিদপ্তরের উদ্যোগে "শেখ রাসেল ডিজিটাল ও ভাষা প্রশিক্ষন ল্যাব" স্থাপন করা হয়েছে। ল্যাবে শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীদের নিয়মিত ইন হাউজ প্রশিক্ষণ প্রদান এবং রেজিষ্টার মেইন্টেইন এর অনুরোধ জানান। এ সকল ল্যাব নিয়মিত পরিদর্শন করার জন্য তিনি সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত** ঃ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ সচল রাখার লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ প্রদানের জন্য আইসিটি শিক্ষকগণকে অনুরোধ জানান এবং পরিদর্শন করার জন্য সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটি'র সকল সদস্য-কে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ল্যাবের আইসিটি শিক্ষকবৃন্দ, সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটি'র সকল সদস্যবৃন্দ |
| ০৫ | **আলোচনা** ঃ অত্র উপজেলার ৮৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশ চালু রয়েছে। এ ক্লাশসমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয় এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত ঃ মাল্টিমিডিয়া ক্লাশ এর কার্যক্রম আরো জোরদারকরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ । |
| ০৬ | **আলোচনাঃ** তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ পরীক্ষায় অংশগ্রহণের অনুরোধ জানান। পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রাপ্তির বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত** ঃ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |

কারিগরি সহযোগীতার প্রয়োজন হলে অত্র উপজেলার সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মান্দা, নওগাঁ ও সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই,ব্যানবেইস, মান্দা, নওগাঁ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সরকারের পরিকল্পনা মোতাবেক আইসিটি'র সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১১/২২

( মোঃ আব্দুল হালিম )
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
মান্দা, নওগাঁ।
মোবাইল নং ০১৭৩০৪৬০০১৪
E-mail : unomanda@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মান্দা,নওগাঁ
https://doict.manda.naogaon.gov.bd

স্মারক নং ৫৬.০৪.৬৪৪৭.০০১.০৬.০০৫.১৯-৪১ তারিখঃ ০৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ

অনুলিপি: মহোদয়ের সদয় অবগতি ও (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাও,ঢাকা-১২০৭।
০২। জেলা প্রশাসক, নওগাঁ |
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নওগাঁ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ।
০৫। ........................................................................................................... কর্মকর্তা, মান্দা, নওগাঁ।
০৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ।
০৭। চেয়ারম্যান...................................ইউপি (সকল), মান্দা, নওগাঁ।
০৮। উদ্যোক্তা.................................... .......ইউডিসি (সকল), মান্দা, নওগাঁ।

০৩.১১.২০১৯
( মোঃ কামরুল আরেফিন )
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মান্দা, নওগাঁ।
মোবাইল নং-০১৭৩০-৪৬০০১৪